



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
আঞ্চলিক কার্যালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা  
<https://zshe.comilla.gov.bd>

স্মারক নম্বর: ৩৭.০২.১৯০০.০০০.১০২.৯৯.০০৩৫.২৫.২১২

তারিখ: ৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড -২৬ এর কুমিল্লা অঞ্চলের প্রতিযোগিতায় মেধাবী শিক্ষার্থীসহ অধিক সংখ্যক শিক্ষার্থীর  
অংশগ্রহণ নিশ্চিতকরণ।

সূত্র: ৩৭.২৬.০০০০.০০০.০০০.২৩.০০০১.২৫-৯৬২(১), তারিখ: ১৮/১২/২০২৫খ্রি.

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৬ উদযাপন উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক তৃতীয়বারের মতো লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ধারাবাহিকতায় আগামী ০২/০১/২০২৬ তারিখ, শূক্রবার, কুমিল্লা অঞ্চলের অংশগ্রহণকারী শিক্ষার্থীদের লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড প্রতিযোগিতার সময়সূচি নির্ধারণ করা হয়েছে। উক্ত প্রতিযোগিতা পরিচালনার জন্য আনন্দ মাল্টিমিডিয়া স্কুল এন্ড কলেজ, গোরীপুর, কুমিল্লা ভেন্যু হিসেবে নির্ধারণ করা হয়েছে। অঞ্চল ভিত্তিক সর্বনিম্ন ৬০০+ শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করা আমাদের লক্ষ্য থাকায়, আরও শিক্ষার্থীর অনলাইনে রেজিস্ট্রেশন আবশ্যিক। কুমিল্লা অঞ্চলের শিক্ষার্থীরা অনলাইনে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইট [www.imli.gov.bd](http://www.imli.gov.bd)-এ প্রবেশ করে অথবা <https://docs.google.com/forms/d/e/1FAIpQLSfAeJgyEJWciFHozUAYvyCmoCDpymjOvIswNvk9CM8NaOWuAg/viewform> লিংক-এ প্রবেশ করে আগামী ০১/০১/২০২৬ তারিখ পর্যন্ত রেজিস্ট্রেশন করতে পারবে।

২। বণিত অবস্থায় কুমিল্লা অঞ্চলের স্নানামধ্যন্য স্কুল ও কলেজের মেধাবী শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

\* কুমিল্লা অঞ্চলের স্নানামধ্যন্য স্কুল ও কলেজের ১০/১৫ জন করে মেধাবী শিক্ষার্থীসহ অধিক সংখ্যক শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করা।

\* যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন করেছে, তাদের প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করা।

(তালিকা প্রতিযোগিতার পূর্বে প্রেরণ করা হবে)

২২-১২-২০২৫  
প্রফেসর সোমেশ কর চৌধুরী  
পরিচালক

জেলা শিক্ষা অফিসার (কুমিল্লা অঞ্চল)।

স্মারক নম্বর: ৩৭.০২.১৯০০.০০০.১০২.৯৯.০০৩৫.২৫.২১২/১ (৪)

তারিখ: ৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক উপপরিচালক (ভারপ্রাপ্ত), বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
- ২। সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল), তাঁর উপজেলার সকল কলেজ/স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মহোদয়কে বিষয়টি অবহিত করার অনুরোধসহ।
- ৪। অফিস, কপি।



*Skandhy*

২২-১২-২০২৫  
প্রফেসর সোমেশ কর চৌধুরী  
পরিচালক